

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৮১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৯. কাতারে ইমামের দাঁড়ানোর স্থান

باب مُقَامِ الإِمَامِ مِنَ الصَّفِّ

### আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بْنُ مُسَافِرٍ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكِ، عَنْ يَحْيَى بْنِ بَشِيرِ بْنِ خَلَّادٍ، عَنْ أُمِّهِ، أَنَّهَا دَخَلَتْ عَلَى مُحَمَّدِ بْنِ كَعْبِ الْقُرَظِيِّ فَسَمِعَتْهُ يَقُولُ حَدَّثَنِي أَبُو هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " وَسِّطُوا الإِمَامَ وَسُدُّوا الْخَلَلَ ".

\_ ضعيف : لكن الشطر الثاني من صحيح، انظر حديث رقم ٦٦٦, ٦٢٠

#### বাংলা

৬৮১। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা ইমামকে কাতারের মাঝখান বরাবর দাঁড় করাও এবং (কাতারের মধ্যকার) ফাঁকা জায়গা বন্ধ করে দাও।[1]

দুর্বল : কিন্তু হাদীসের দ্বিতীয় অংশটি সহীহ। দেখুন হাদীস নং ৬৬৬, ৬২০।

## **English**

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: Have the imam in the centre and close up the gaps.

## ফুটনোট

[1] বায়হাকী 'সুনানুল কুবরা' (৩/১০৪) আবূ দাউদ সূত্রে এর সনদে জা'ফার ইবনু মুসাফির রয়েছে। হাফিয 'আত-তাকরীব' গ্রন্থে বলেন, তিনি সত্যবাদী, তবে প্রায়ই ভুল করতেন। এবং সনদের ইয়াহইয়া ইবনু বাশীর লুপ্ত (মাসতূর), এবং তার মাতা হচ্ছে উম্মাতুল ওয়াহিদ বিনতু ইয়ামীন। হাফিয বলেন, তাকে বাকীয়াহ ইবনু মুযাল্লাদ



নামকরণ করা হয় তার মুসনাদে, কিন্তু সুনান আবূ দাউদের বর্ণনায় তার নাম উল্লেখ করা হয়নি। তিনি অজ্ঞাত মহিলা।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন